গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট(নিপোর্ট)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৩/১ শেখ সাহেব বাজার,আজিমপুর,ঢাকা-১২০৫।
www.niport.gov.bd

স্মারক নং-৫৯.১২.০০০০.০০১.১৯.২৩২.২৫-০৮৯

তারিখ : ৩০ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয় : আউটসোর্সিং পদ্ধতিতে সেবাকর্মী সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে মতবিনিময় সভার কার্যবিবরণী।**

সভাপতি : ইশরাত জামান, মহাপরিচালক, নিপোর্ট, আজিমপুর ঢাকা।
সভার স্থান : সভাকক্ষ, নিপোর্ট।
সভার তারিখ ও সময় : ১৪/০৯/১০২৫ খ্রি. সকাল: ১১.০০টা।
উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (পরিশিষ্ট-১ দ্রষ্টব্য)।

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সেবাকর্মীদের নিয়োজিত সেবাকর্মীদের পারফরমেন্স যাচাই, কর্মীদের পোষাক ও আইডি কার্ড সরবরাহ, মাদকমুক্ত কর্মী সরবরাহ ,সেবাকর্মী বাছাই ও বয়স, সেবাকর্মীদের সেবামূল্য প্রদান বিবিধ বিষয়ের ওপর আলোকপাত করেন। একই সাথে এ বিষয়ে সেবা সরবরাহকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিগণের মতামত জানতে চান। ৮টি কোম্পানির মধ্যে রাকা সার্ভিসেস প্রাইভেট লিঃ ব্যতীত বাকী ৭টি প্রতিষ্ঠানের উপস্থিতির বিষয় উপর সেবাকর্মীর মান উন্নয়ন ও ভালো সেবা প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভাপতি আউটসোর্সিং নীতিমালা-২০২৫ যথাযথভাবে অনসরণপূর্বক দায়িত্ব পালনের জন্য নির্দেশনা প্রদান করেন। বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | নিয়োজিত সেবাকর্মীদের পারফরমেন্স যাচাই। | নিয়োজিত সেবাকর্মীদের পারফরমেন্স যাচাইকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয় | নিয়োজিত সেবাকর্মীদের পারফরমেন্স যাচাইকরণের জন্য নিপোর্ট হতে নির্ধারিত ছক মোতাবেক প্রতিমাসে ১-৫ তারিখের মধ্যে সেবা গ্রহণকারী ও সরবরাহকারী প্রতিষ্ঠানকে নিপোর্ট প্রধান কার্যালয়ে প্রতিবেদন দাখিল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | নিপোর্ট প্রধান কার্যালয়, আরপিটিআই , আরটিসি ও সেবা সরবরাহকারী প্রতিষ্ঠান |
| ২ | কর্মীদের পোশাক ও আইডি কার্ড সরবরাহ। | কর্মীদের পোশাক ও আইডি কার্ড সরবরাহ বিষয়ে সরবরাহকারী প্রতিষ্ঠানের প্রধানগণ / প্রতিনিধিগণের সাথে এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | মিথিলা এন্টারপ্রাইজ লি. ব্যতীত অন্যান্য সরবরাহকরী প্রতিষ্ঠানকে নিপোর্ট এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহে কর্মরত সেবাকর্মীদেরকে আগামী ১ (এক) মাসের মধ্যে দুই সেট পোশাক ও আইডি কার্ড সরবরাহ করতে হবে এছাড়া পরবর্তীতে আউটসোর্সিং নীতিমালা-২০২৫ অনুযায়ী নিপোর্ট এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহে বাজেট প্রাপ্তি সাপেক্ষে সেবাকর্মীদের পোশাক ও আইডি কার্ড সরবরাহ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সরবরাহকারী প্রতিষ্ঠান, নিপোর্ট প্রধান কার্যালয়, আরপিটিআই ও আরটিসি |
| ৩ | মাদকমুক্ত কর্মী সরবরাহ। | মাদকমুক্ত কর্মী সরবরাহ করার ব্যাপারে আলোচনা হয়। | মাদকমুক্ত কর্মী সরবরাহ করতে হবে এবং নতুন কর্মী সরবরাহকরনের সময় ডোপ টেস্ট রিপোর্ট প্রদান করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সরবরাহকারী প্রতিষ্ঠান |

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪ | সেবাকর্মীদের সেবামূল্য প্রদান। | সেবাকর্মীদের সেবামূল্য প্রদান বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | প্রতিষ্ঠানসমূহে পরিচালন বাজেটের আউটসোর্সিং খাতে বরাদ্দকৃত অর্থ দুই তারকা চিহ্নিত হওয়ায় সেবাকর্মীগণের মেয়াদবৃদ্ধির প্রশাসনিক অনুমোদন ও আর্থিক অনুমোদন গ্রহণের বিষয়টি দ্রুততম সময়ের মধ্যে সমাধান করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | নিপোর্ট |
| ৫ | সেবাকর্মীর বয়স | সেবাকর্মী নিয়োগের ক্ষেত্রে আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী নির্ধারিত বয়সসীমা যেন অতিক্রান্ত না হয় সে বিষয়ে লক্ষ্য রাখার জন্য আলোচনা হয়। | সেবাকর্মী নিয়োগের ক্ষেত্রে আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী নির্ধারিত বয়সসীমা যেন অতিক্রান্ত না হয় সে দিকে সংশ্লিষ্ট সকলকে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সরবরাহকারী প্রতিষ্ঠান |
| ৬ | চুক্তি নবায়ন | সেবা সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তির মেয়াদ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সেবা সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে স্বাক্ষরিত চুক্তির মেয়াদ শেষ হওয়ার ২ মাস পূর্বেই নবায়নের আবেদন দাখিল করতে হবে। এছাড়া সরবরাহ প্রতিষ্ঠান কর্তৃক পারফরমেন্স সিকিউরিটি বাবদ দাখিলকৃত ব্যাংক গ্যারান্টির মেয়াদ শেষ হবার পূর্বেই নবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সরবরাহকারী প্রতিষ্ঠান |
| ৭ | স্থান,ঠিকানা, ফোন নম্বর পরিবর্তন | সরবরাহকারী প্রতিষ্ঠানের যোগাযোগের ঠিকানা, ফোন নম্বর মালিকানা, প্রতিনিধি পরিবর্তনের বিষয়ে আলোচনা হয়। | কোন সরবরাহকারী প্রতিষ্ঠানের যোগাযোগ ঠিকানা, ফোন নম্বর মালিকানা, প্রতিনিধি পরিবর্তনের করলে তা নিপোর্ট প্রধান কার্যালয়কে অবগত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সরবরাহকারী প্রতিষ্ঠান |
| ৮ | বিকল্প সেবাকর্মী সরবরাহকরণ | বিকল্প সেবাকর্মী সরবরাহের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিকল্প সেবাকর্মী সরবরাহকরণ ক্ষেত্রে ৫ (পাচঁ) কর্মদিবসের মধ্যে স্বাক্ষরিত চুক্তির ক্রমিক নং -১১ মোতাবেক প্রতিকল্প (substitute) হিসেবে সেবাকর্মী সরবরাহকারী প্রতিষ্ঠান সরবরাহ করতে হবে; সে ক্ষেত্রে যে পদের প্রতিকল্প সরবরারহর জন্য নির্দেশনা প্রদান করা হবে সে কাজে দক্ষ সেবাকর্মীকে সরবরাহ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সরবরাহকারী প্রতিষ্ঠান |

সভায় আর কোন আলোচ্যবিষয় না থাকায় সভাপতি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪/০৯/২০২৫

(ইশরাত জামান)
মহাপরিচালক
ফোন: ২২২৬৬৮৩৬৩৮
ই-মেইল: dg.niport2023@gmail.com

স্মারক নং-৫৯.১২.০০০০.০০১.১৯.২৩২.২৫- ০৮৯

তারিখ : ৩০ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ।

১। পরিচালক (প্রশাসন,প্রশিক্ষণ,গবেষণা- অ.দা.), নিপোর্ট, আজিমপুর, ঢাকা।

২। উপপরিচালক (প্রশাসন), নিপোর্ট, আজিমপুর, ঢাকা।

৩। অধ্যক্ষ, আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট (RPTI), (সকল)........................................।

৪। প্রশিক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (RTC) (সকল)..................................................।

৫। জনাব মো: আতিক উল্লাহ, সহকারী প্রোগ্রামার (টিআরডি), নিপোর্ট, আজিমপুর, ঢাকা (কার্যবিবরণীটি নিপোর্ট ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

৬। জনাব ..........................................................................................................।

৭। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, নিপোর্ট, আজিমপুর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

৮। অফিস কপি।

২৪/০৯/২৫

(মোহাম্মদ সাফাত মোস্তফা)
তত্ত্বাবধায়ক (প্রশাসন) ও আয়ন-ব্যয়ন কর্মকর্তা
ফোন: ০২২২৬৬৮৩৬২৩
ই-মেইল: superadmin@niport.gov.bd